

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.২০.৪৮৩

তারিখ:

১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ আগস্ট ২০২১ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মো: আবু তাহের (৫৪৯৪), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসিন সরকারি কলেজ, জয়পুরহাট এর বিরুদ্ধে অধ্যক্ষকে দায়িত্বভার অর্পণ না করা, প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবসহ কোন কিছু বুঝিয়ে না দেওয়া এবং সরকারি আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান থেকে বিরত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) অনুযায়ী “অসদাচরণ” অপরাধে তাঁকে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং সে মোতাবেক গত ১৪/০২/২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে অভিযুক্ত কর্মকর্তার নিকট সুস্পষ্ট জবাব চাওয়া হলে তিনি সন্তোষজনক জবাব উপস্থাপন করতে ব্যর্থ হন। পরবর্তীকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক জনাব মো: আবু তাহের -এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(খ) অনুযায়ী ২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত করার লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মো: আবু তাহের (৫৪৯৪), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসিন সরকারি কলেজ, জয়পুরহাট -এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(খ) অনুযায়ী ২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত (withholding of yearly increment for two years permanently) করার লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখ: ২৬/০৮/২০২১  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৩.২০.৪৮৩/১(০৬)

তারিখ:

১৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ আগস্ট ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আবু তাহের এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, মহীপুর হাজী মহসিন সরকারি কলেজ, জয়পুরহাট।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। জনাব মো: আবু তাহের (৫৪৯৪), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসিন সরকারি কলেজ, জয়পুরহাট।

  
২৯/০৮/২০২১  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৫৩২৭৬